রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ/১৭ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১২১/২০২৫/কাস্টমস।**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৪৪, কাস্টমস ট্রানজিট ও ট্রানশিপমেন্ট বিধিমালা, ২০২১ (এস, আর, ও নং ১৩৬-আইন/২০২১/১২৫/কাস্টমস, তারিখ: ২৫ মে, ২০২১ খ্রি.) এর বিধি-৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বাংলাদেশ ও ভুটানের মধ্যে সম্পাদিত “Agreement on the Movement of Traffic-in-Transit between the People’s Republic of Bangladesh and the Royal Government of Bhutan” শীর্ষক চুক্তি ও তদধীন প্রণীত Protocol অনুসারে চট্টগ্রাম-বুড়িমারী রুটে প্রথম পরীক্ষামূলক ট্রানজিট/ট্রানশিপমেন্ট (First Trial Run) পণ্যচালানের কাস্টমস প্রক্রিয়াদি সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ প্রশাসনিক ও অন্যান্য ফি ও চার্জ নির্ধারণ করিলো—

| ক্র. নং | খাত | ফি/চার্জ (টাকায়) |
|---|---|---|
| ক. | ডকুমেন্ট প্রসেসিং ফি | ৩০/- (প্রতি চালান) |
| খ. | ট্রানশিপমেন্ট ফি | ২০/- (প্রতি মে. টন) |
| গ. | সিকিউরিটি চার্জ | ১০০/- (প্রতি মে. টন) |
| ঘ. | এসকর্ট চার্জ | ৮৫/-(প্রতিটি কন্টেইনার/ট্রাক/ট্রেইলার/কাভার্ড ভ্যান এর জন্য কিলোমিটার প্রতি) (যে ক্ষেত্রে প্রযোজ্য হইবে) |

| | | |
|---|---|---|
| ঙ. | বিবিধ প্রশাসনিক চার্জ | ১০০/- (প্রতি মে. টন) |
| চ. | কন্টেইনার স্ক্যানিং ফি | ২৫৪/-(প্রতি কন্টেইনার) |
| ছ. | ইলেকট্রনিক লক এন্ড সিল ফি | বিধিমালা দ্বারা নির্ধারিত পরিমাণ |
| জ. | সড়ক ব্যবহার মাশুল (টোলসহ) | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হারে |
| উপর্যুক্ত ফি, চার্জ ও টোলসহ মাশুলের উপর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫ অনুযায়ী ১৫% হারে ভ্যাট সংশ্লিষ্ট কোডে পরিশোধ করিতে হইবে। | | |

০২। পণ্যের প্রেরক বা অনুমোদিত ব্যক্তি সংশ্লিষ্ট প্রবেশ কাস্টমস স্টেশনে/কাস্টমস হাউসে উক্ত ফি ও চার্জসমূহ পরিশোধ করিবেন।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং কেবল উক্ত পরীক্ষামূলক ট্রানজিট/ট্রানশিপমেন্ট পণ্যচালানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

**মো: সেলিম রেজা**
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd